

ভালবাসার ভাইরাস

আমি জানতাম না, প্রস্তুতও ছিলাম না
ভালবাসার কেমন কেমন করা ভাইরাসে কখন আক্রান্ত হলাম।
আমিতো বেশ ছিলাম, ফুরফুরে হাওয়ার মতো,
একা একা নিজেকে নিয়েই স্বপ্নের জালে জড়িয়ে ছিলাম,
কোথেকে তুমি এসে হঠাৎ এলোমেলো করে দিলে
ছড়িয়ে ছিটিয়ে সবকিছু এখন অবিন্যস্ত,
যেমন করে ক্যারম বোর্ডের স্ট্রাইকারটা
আচমকা এক ঝটকায় গুটি গুলোকে এদিক ওদিক করে দেয়।
তুমি এলে দমকা ঝড়ের মতো, আমি আর আমি নেই
কখন যেন অজান্তে আমি আর তুমি আমরা হয়ে গেছি,
আমার অস্তিত্ব আশা আকাঙ্ক্ষার অংশীদার হয়ে গেছ তুমি।
তোমার সাথে মিশতে মিশতে
কখন যে ভালবাসার ভাইরাসে আক্রান্ত হয়ে গেছি
আমি বুঝতে পারিনি,
পারলেও যে ফিরতে পারতাম, এমনটি মনে হয়না।
ভালই লাগছে, ইদানিং বেশ কেমন কেমন যেন লাগছে,
টক টক কষ্টের সাথে মিষ্টি মিষ্টি আনন্দের
মিকচারের মতো ভাইরাসের স্বাদ,
মন্দ লাগছেনো তেমন।

ঢাকা : ২৫.০১.২০০৭ মুহম্মদ আবদুস সালাম